মৃত শুভমের পরিবারের সঙ্গে কথা বলছেন মন্ত্রী বুলু চিকবড়াইক। ছবি : রহিদুল ইসলাম

# নিহতের পরিবারের সঙ্গে দেখা করলেন মন্ত্রী বুলু

**মেটেলি, ১৩ মে :** লাটাগুড়ি জঙ্গলের মাঝে নিহত যুবকের পরিবারের সঙ্গে দেখা করলেন মন্ত্রী বুলু চিকবড়াইক। বুধবার লাটাগুড়ি জঙ্গলের এসএস কম্পার্টমেন্টের জাতীয় সড়কের ধার থেকে শুভম সরকার (২৩) নামে এক যুবকের দেহ উদ্ধার করা হয়। শুভমের বাড়ি মেটেলি বাজারের হাটখোলা এলাকায়। শুভম মেটেলি বাজারের সকলের কাছে খুব স্নেহের পাত্র ছিলেন। তাঁর অকালমৃত্যুতে সমগ্র মেটেলি বাজারে শোকের ছায়া নেমে এসেছে। মেটেলি বাজারের কাপড়ের ব্যবসায়ী সুশীল সরকারের একমাত্র ছেলে শুভম। এদিন মন্ত্রী তাঁর বাবা সুশীল সরকার সহ পরিবারের পরিজনের সঙ্গে দেখা করে সমবেদনা জানান। পরিবারের পাশে থাকার কথা বলেন। সঙ্গে ছিলেন মেটেলির সমাজসেবী জোশেফ মুন্ডা সহ অন্যরা। যদিও ওই যুবকের মৃত্যু কীভাবে হল তা এখনও পরিষ্কার নয়।

অন্যদিকে, এদিন সকালে জঙ্গলের মাঝে সেই দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন তৃণমূল নেতা তথা সমাজসেবী জোশেফ মুন্ডা। বুধবার লাটাগুড়ি জঙ্গলের এসএস কম্পার্টমেন্ট এলাকায় জাতীয় সড়কের ধারে একটি স্কুটি সহ ওই যুবকের দেহ উদ্ধার করা হয়। যদিও প্রশাসনের তরফে কী করে ওই যুবকের মৃত্যু হল তা স্পষ্ট করা হয়নি। দেহ ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি সদর হাসপাতালে পাঠানো হয়েছে। এদিন ঘটনাস্থলে গিয়ে জোশেফ মুন্ডা বলেন, 'ঘটনাস্থল দেখে মনে হচ্ছে বাইসনের হানায় ওই যুবকের মৃত্যু হয়েছে। আমরা সরকারিভাবে পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য বনমন্ত্রীকে জানিয়েছি। আমরা চাই বন দপ্তর ও পুলিশ ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে পরিবারকে সাহায্য করুক।' এদিন মরদেহ ময়নাতদন্তের পর বাড়িতে নিয়ে আসা হলে বহু মানুষ তাঁকে শেষশ্রদ্ধা জানান। এদিনই শুভমকে দাহ করা হয়।

# নব্যদের ভিড়ে তৃণমূল ও বিজেপির আদিরা বিড়ম্বনায়

ভাস্কর বাগচী

**শিলিগুড়ি, ১৩ মে :** অন্য দল থেকে ভিড় বাড়ছে তৃণমূল কংগ্রেস ও বিজেপিতে। নব্যদের ভিড়ে তাই অস্তিত্ব সংকটে আদিরা। দুই দলের আদিদের বক্তব্য, যেভাবে দলে নতুনদের প্রতিপত্তি বাড়ছে তাতে আমাদের দলে গুরুত্ব কতদিন থাকবে সেটাই এখন প্রশ্নের মুখে দাঁড়িয়ে।

শিলিগুড়িতে বাম শিবিরে ধাক্কা দিয়ে বুধবারই শিলিগুড়ির দুই বাম নেতা কমল আগরওয়াল ও রামভজন মাহাতো তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। বিধানসভা ভোটের পর শুধু এই দুই নেতা নন, রাজ্যের শাসকদলের দিকে পা বাড়িয়ে রয়েছেন বামেদের গত পুরবোর্ডের বেশ কয়েকজন কাউন্সিলার। তাঁরা ইতিমধ্যেই তৃণমূল কংগ্রেসের নেতাদের সঙ্গে যোগাযোগ করেছেন।

শুধু বামেরাই নন, দার্জিলিং জেলা কংগ্রেসের সভাপতি শংকর মালাকার তৃণমূল কংগ্রেসে যেতে পারেন বলে জল্পনা রয়েছে শহরে। তবে, এই খবর এদিন উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত হতেই যদিও এদিন শংকর মালাকার বলেন, 'তৃণমূল কংগ্রেসে গেলে আমি অনেক আগেই যেতে পারতাম। কংগ্রেসে ৪৬ বছর ধরে রয়েছি। দল ছাড়ার কোনও প্রশ্নই আসে না। বিভিন্ন রাজনৈতিক দল আমাকে দলবদলের প্রস্তাব দিয়েছিল। আমি সেই প্রস্তাব গ্রহণ করিনি। আগামীদিনেও কংগ্রেস ছাড়ার প্রশ্ন নেই।'

> মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নমূলক কর্মকাণ্ডে যুক্ত হতে যাঁরা আসবেন তাঁদের স্বাগত জানাই। সবাই মিলে আমরা কাজ করব।
>
> – রঞ্জন সরকার *সভাপতি, দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেস*

তবে শিলিগুড়ির রাজনৈতিক মহলে খবর, সিপিএমের বেশ কয়েকজন অভিজ্ঞ নেতার পাশাপাশি রাজনীতির বাইরের জগতের বেশ কয়েকজন বিশিষ্ট মানুষ খুব শীঘ্রই তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন।

শুধু তৃণমূল কংগ্রেসই নয়, বিজেপিতে অনেক নেতা সম্প্রতি যোগ দিয়েছেন। শংকর ঘোষ বিজেপিতে যোগ দিয়েই এবার শিলিগুড়ি কেন্দ্রে প্রার্থী হয়ে বিধায়ক হয়েছেন। তৃণমূল কংগ্রেস থেকে দলের দুই পুরোনো নেতা-নেত্রী দীপক শীল, জ্যোৎস্না আগরওয়াল বিজেপিতে যোগ দিয়েছেন। কংগ্রেস থেকে প্রাক্তন দুই কাউন্সিলার শিখা রায় ও রুমা নাথ

> তৃণমূলে যাঁরা যোগ দিচ্ছেন তাঁদের বিরুদ্ধে তো পুরনিগমে কিছুদিন আগেও বিভিন্ন ইস্যুতে অভিযোগ তুলেছিল তৃণমূল।
>
> – রাজু সাহা *সাধারণ সম্পাদক বিজেপি, শিলিগুড়ি সাংগঠনিক জেলা*

বিজেপিতে যোগ দিয়েছেন। তৃণমূল থেকে বিজেপিতে যোগ দিয়েছেন তৃণমূলের নান্টু পাল ও তাঁর স্ত্রী মঞ্জুশ্রী পাল।

এই পরিস্থিতিতে তৃণমূল ও বিজেপি দুই দলের আদিরা তাকিয়ে আগামী পুরভোটের দিকে। সব কিছু ঠিকঠাক থাকলে আগামী ছয় মাসের মধ্যে শিলিগুড়ি পুরভোট। এই পুরভোটে বেশিরভাগ ক্ষেত্রেই দুই দলে আসা নব্য তৃণমূলি ও বিজেপি নেতারাই টিকিট পাবেন বলে মনে করছেন আদিরা। ফলে নিজেদের অস্তিত্ব সংকটের মুখে রয়েছেন দুই দলের পুরোনো দিনের নেতা-কর্মীরা। তাঁদের অনেকের বক্তব্য, 'আমরা দলের খারাপ সময়ে ছিলাম। অথচ দলের ভালো সময়ে অন্য দলে গুরুত্ব না পাওয়া নেতারা আমাদের দলে এসে ভালো জায়গা করে নিচ্ছেন। আর আমরা যে মার খেলাম, মামলা চলছে, পুলিশের লাঠিপেটা খেলাম, তার কোনও মূল্য নেই।'

যদিও দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি রঞ্জন সরকারের বক্তব্য, 'মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নমূলক কর্মকাণ্ডে যুক্ত হতে যাঁরা আসবেন তাঁদের স্বাগত জানাই। সবাই মিলে আমরা কাজ করব।' বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা সাধারণ সম্পাদক রাজু সাহার বক্তব্য, 'বিজেপিতে যাঁরা এসেছেন তাঁরা তো বিধানসভা ভোটের আগে এসেছেন। বরং তৃণমূলে যাঁরা যোগ দিচ্ছেন তাঁদের বিরুদ্ধে তো পুরনিগমে কিছুদিন আগেও বিভিন্ন ইস্যুতে অভিযোগ তুলেছিল তৃণমূল।'

## স্বাস্থ্য দপ্তরকে তুলোধোনা

**জলপাইগুড়ি, ১৩ মে :** করোনা মোকাবিলায় স্বাস্থ্য দপ্তরকে তুলোধোনা করল জলপাইগুড়ি জেলা পরিষদ। বৃহস্পতিবার ডেপুটি সিএমওএইচ শংকরলাল ঘোষ, অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) সমীরণ মণ্ডল, জেলা পরিষদের সভাধিপতি উত্তরা বর্মন, সহকারী সভাধিপতি দুলাল দেবনাথ এবং স্বাস্থ্য কর্মাধ্যক্ষ ধজেন্দ্রনাথ রায়ের উপস্থিতিতে করোনা নিয়ে পর্যালোচনা বৈঠক হল। সহকারী সভাধিপতি দুলাল দেবনাথ বলেন, 'প্রয়োজন অনুসারে দার্জিলিংয়ে ১৩ হাজার এবং আলিপুরদুয়ারে ৬ হাজার ভ্যাকসিন পাঠানো হয়েছে। অথচ জলপাইগুড়িকে দেওয়া হয়েছে মাত্র তিন হাজার ভ্যাকসিন। জলপাইগুড়ি কোভিড হাসপাতালে নিম্নমানের খাবার সরবরাহ করা হচ্ছে। অক্সিজেনের তীব্র অভাব রয়েছে। আমি এই ঘটনার সাক্ষী। কোভিড হাসপাতালে সিসিটিভি ক্যামেরা বসানো দরকার। চা বাগান এলাকাতেও সচেতনতার অভাব রয়েছে। সচেতনতা প্রচারে প্রাথমিক, উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের শামিল করা প্রয়োজন।' ডেপুটি সিএমওএইচ শংকরলাল ঘোষ বলেন, 'সমন্বয়ের ভিতকে দৃঢ় করে স্বাস্থ্য দপ্তর করোনা মোকাবিলায় পদক্ষেপ করবে।'

জেলা পরিষদের কর্মাধ্যক্ষ আশ্রিতা লাকড়া, গণেশ ওরাওঁরা পঞ্চায়েত এলাকায় কোভিড হাসপাতাল নির্মাণের দাবি জানান। জেলায় কিছু ওষুধ ব্যবসায়ী ওষুধের কালোবাজারি করছেন বলেও অভিযোগ উঠেছে। এদিনের বৈঠকে করোনা মোকাবিলায় ভিলেজ পুলিশকে বেশি করে ব্যবহারের আবেদন জানানো হয়।

## অবৈধ গ্যাসের বিরুদ্ধে অভিযান

**ফাঁসিদেওয়া, ১৩ মে :** বেআইনিভাবে গ্যাস সিলিন্ডার ব্যবহারের বিরুদ্ধে যৌথ অভিযান করল দার্জিলিংয়ের জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এবং বিধাননগর তদন্ত কেন্দ্র। বৃহস্পতিবার শিলিগুড়ি গ্রামীণ এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা স্থানীয় পুলিশকে সঙ্গে নিয়ে ফাঁসিদেওয়া ব্লকের বিধাননগরের রামকৃষ্ণপল্লিতে অভিযান করে। প্রশান্ত পাল নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। একইসঙ্গে প্রায় সাত কেজি গ্যাস সমেত একটি সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়েছে। অপরদিকে, শশীপাড়ায় শঙ্কু পালের বাড়িতে হানা দিয়ে একটি খালি সিলিন্ডার উদ্ধার করা হয়। তবে, অভিযুক্ত শশী পালিয়ে গিয়েছে। অভিযুক্তরা সকলেই বেআইনিভাবে ডোমেস্টিক গ্যাস সিলিন্ডার ব্যবসায়িক কাজে ব্যবহার করত।

## দুর্ঘটনায় জখম ৩

**ফাঁসিদেওয়া, ১৩ মে :** মোটরবাইক এবং স্কুটির মুখোমুখি সংঘর্ষে জখম হলেন ৩ জন। বৃহস্পতিবার ফাঁসিদেওয়া ব্লকের ঘোষপুকুর সংলগ্ন আমবাড়ি বর্ডার এলাকায় ৩১ নম্বর জাতীয় সড়কের ওপর দুর্ঘটনাটি ঘটে। ঘোষপুকুর ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। জখমদের উদ্ধার করে চিকিৎসার জন্য পাঠানো হয়। বাইকটি ঘোষপুকুর থেকে বিধাননগরের দিকে এবং স্কুটিটি উলটো দিক থেকে আসছিল। জখমদের মধ্যে দুজনকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে এবং অপরজনকে ফাঁসিদেওয়া গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনার জেরে জাতীয় সড়কে যানজট তৈরি হয়। ট্রাফিক পুলিশের হস্তক্ষেপে তা নিয়ন্ত্রণ আসে। ঘোষপুকুর ফাঁড়ির পুলিশ দুর্ঘটনাগ্রস্ত বাইক এবং স্কুটি উদ্ধার করেছে।

## চা পাতা চুরি

**চোপড়া, ১৩ মে :** চোপড়া থানার লছুগছ মাতৃ টি এস্টেটের কাঁচাকালী ১ নম্বর ডিভিশনে পরপর দু'দিন কাঁচা চা পাতা চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত ১১ এবং ১২ মে দুষ্কৃতীরা রাতের অন্ধকারে প্রায় ১,০০০ কেজি কাঁচা পাতা তুলে নিয়ে পালিয়েছে বলে অভিযোগ চা বাগান কর্তৃপক্ষের। চুরি যাওয়া চা পাতার বর্তমান বাজারমূল্য প্রায় ৩০,০০০ টাকা। বৃহস্পতিবার বাগান কর্তৃপক্ষ এ বিষয়ে চোপড়া থানায় অভিযোগ দায়ের করে। তদন্ত শুরু করেছে পুলিশ।

## সাহায্য

**শিলিগুড়ি, ১৩ মে :** কোভিড পরিস্থিতিতে সংক্রামিতদের পাশে সেন্ট জনস অ্যাম্বুল্যান্সের শিলিগুড়ি শাখা। সংস্থার তরফে গুরুতর অসুস্থদের জন্য ১৪টি অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করা হচ্ছে। সংস্থার তরফে জানানো হয়েছে, আগেও কঠিন সময়ে সংগঠনের স্বেচ্ছাসেবকরা মানুষের পাশে দাঁড়িয়েছেন। করোনা পরিস্থিতিতেও সকলের পাশে আছেন।

## গুরুতর অসুস্থ

**জলপাইগুড়ি, ১৩ মে :** বিজেপি নেতা তথা জেলা বিজেপির প্রাক্তন সভাপতি রবীন্দ্রনারায়ণ চৌধুরী করোনা সংক্রামিত হয়েছেন এবং শ্বাসকষ্টের সমস্যায় ভুগছেন। জেলা বিজেপি সভাপতি বাপি গোস্বামী জানান, রবীন্দ্রনারায়ণবাবু বর্তমানে শিলিগুড়ির একটি নার্সিংহোমে চিকিৎসাধীন।

## চালসায় বুলুকে সংবর্ধনা

**চালসা, ১৩ মে :** পশ্চিমবঙ্গের অনগ্রসর শ্রেণিকল্যাণ ও আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বুলু চিকবড়াইককে সংবর্ধনা দেওয়া হল। বৃহস্পতিবার চালসার ব্লক তৃণমূল যুব কংগ্রেস কার্যালয়ে মেটেলি ব্লক তৃণমূল যুবর তরফে ওই সংবর্ধনা দেওয়া হয়। এদিন ব্লক যুব নেতৃত্ব সহ চা বাগান শ্রমিক সংগঠনের নেতারা মন্ত্রীকে পুষ্পস্তবক দিয়ে সংবর্ধনা দেন। মন্ত্রী বলেন, 'করোনা মোকাবিলায় সকলকে এগিয়ে আসতে হবে। সরকারি স্বাস্থ্যবিধি মানা সহ দুঃস্থ ব্যক্তিদের সাহায্য করতে হবে।' উপস্থিত ছিলেন চালসার প্রধান দীপক ভুজেল, ব্লক তৃণমূল যুব সভাপতি স্বপ্না ওরাওঁ, জোশেফ মুন্ডা, তৃণমূল যুবর সাধারণ সম্পাদক রাসেল সরকার সহ মেটেলি ব্লকের তৃণমূল যুবর অঞ্চল সভাপতি ও বিভিন্ন চা বাগানের শ্রমিক নেতৃত্ব।

## ভাইরাসের বিরুদ্ধে লড়াই

**নাগরাকাটা, ১৩ মে :** নাগরাকাটায় করোনা যুদ্ধে দিন-রাত এক করে অদৃশ্য ভাইরাসের বিরুদ্ধে লড়াই করছেন ১১ জন যুবক। বিভিন্ন এলাকা স্যানিটাইজ করা কিংবা অসহায় করোনা সংক্রামিতের পরিবারকে খাবার, ওষুধ পৌঁছে দিতে নিঃস্বার্থভাবে কাজ চালিয়ে যাচ্ছে 'হেল্প ফর হেল্পলেস কমিউনিটি' নামে ওই টিম। তাদের এই উদ্যোগকে কুর্নিশ জানিয়েছেন প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরের কর্তারাও।

কিছুদিন আগেই এলাকার ১১ জন যুবক মিলে তাঁদের দলটি তৈরি করেন। নানা স্থানে ছড়িয়ে দেওয়া হয় তাদের হেল্পলাইন নম্বর। যে কোনও রকম সমস্যায় হাত বাড়ালেই যে তাঁদের সাহায্য মিলবে এমন আশ্বাসও দেওয়া হয়। তাঁদের পরিষেবা ২৪ ঘণ্টা খোলা। নিজেদের পকেটের টাকা খরচ করে এবং কিছু শুভানুধ্যায়ীর সহযোগিতা পেয়ে পরিষেবা দিয়ে চলেছে এই ১১ জনের টিম। বুধ ও বৃহস্পতিবার সুলকাপাড়া, সুখানি বস্তি, সুভাষপল্লি, নাগরাকাটা বাজার, স্টেশনপাড়ার মতো একাধিক মহল্লায় তাঁরা ছুটছেন স্যানিটাইজেশন, মাস্ক বিতরণ করতে। দলটির পক্ষে সৌভিক দেবনাথ বলেন, 'শুধু দিনের বেলাই নয়। রাতের বেলাতেও যে কোনও প্রয়োজনে আমরা রয়েছি।'

নাগরাকাটার ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুপর্ণ হালদার বলেন, 'অত্যন্ত কঠিন সময়েও ওঁদের এই ধরনের সমাজসেবামূলক মানসিকতা আমাদের কাজকে আরও এগিয়ে নিয়ে যেতে সাহায্য করছে। এভাবেই একে ওপরের পরিপূরক হয়ে ওঠার মাধ্যমে সংকট কাটবে বলেই দৃঢ় বিশ্বাস।'

## গ্রেপ্তার

**চোপড়া, ১৩ মে :** সম্প্রতি চোপড়া থানা এলাকায় একাধিক চুরির ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের বৃহস্পতিবার ইসলামপুর মহকুমা আদালতে তোলা হয়। ধৃতদের প্রত্যেকের বাড়ি চোপড়ায়। ধৃতদের তিনদিনের পুলিশ হেপাজতে নেওয়া হয়েছে।

# কিষান সম্মাননিধির শংসাপত্র বিলি আজ

**ধূপগুড়ি, ১৩ মে :** প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি প্রকল্পে ভাতা পাওয়ার উপযুক্ত কৃষকদের শংসাপত্র দেওয়ার কাজ শুক্রবার শুরু করবে কৃষি দপ্তর। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্বাক্ষরিত এই শংসাপত্র আসলে কেন্দ্রের বিরুদ্ধে সমালোচনার বার্তা বহন করছে।

কেন্দ্রীয় সরকার শুক্রবার ওই প্রকল্পের টাকা বাংলার ৭ লক্ষ কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে জমা করবে বলে খবর পাওয়ার পর সক্রিয় হয়েছে রাজ্যের কৃষি দপ্তর। দপ্তরের আধিকারিক ও কর্মীদের মুখ্যমন্ত্রী স্বাক্ষরিত ওই শংসাপত্র বিতরণ করতে নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। শংসাপত্র বিতরণে কৃষি দপ্তরের আধিকারিকরা ইতিমধ্যে প্রস্তুতিও সেরে ফেলেছেন।

শংসাপত্রে স্পষ্ট উল্লেখ করা হয়েছে যে, দীর্ঘ টালবাহানা ও নানা অজুহাত দেখিয়ে দিল্লির সরকার প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি প্রকল্পের টাকা এতদিন দিচ্ছিল না। রাজ্য সরকারের কৃষকবন্ধু প্রকল্প অবশ্য দেশের কাছে মডেল হিসেবে স্বীকৃতি পেয়েছে। প্রধানমন্ত্রী কিষান সম্মাননিধি প্রকল্পে কৃষকরা যাতে সময়ে ভাতা পান, সেজন্য রাজ্য সরকার নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত কাজ করেও ফেলেছে।

তবে কৃষি আধিকারিকরা এই বিষয়ে কিছু বলতে নারাজ। জলপাইগুড়ি জেলার উপ কৃষি অধিকর্তা (প্রশাসন) প্রবীর হাজরা বলেন, 'শুক্রবার থেকেই শংসাপত্র বিতরণ করা হবে। কোভিড পরিস্থিতিতে সমস্ত স্বাস্থ্যবিধি মেনে কাজ করা হবে।'

# অন্যরকম বিবাহবার্ষিকী

**করণদিঘি, ১৩ মে :** উৎসব-অনুষ্ঠান নয়, নিজেদের বিবাহবার্ষিকীর দিনটিকে স্মরণীয় করতে অভিনব উদ্যোগ নিলেন করণদিঘি পুলিশের ডিআইবি ইনচার্জ কাঞ্চন জানা এবং তাঁর স্ত্রী সীমা লোহারা। বৃহস্পতিবার করণদিঘি ব্লকের নাগর-রসাখোয়া জাতীয় সড়কের দু'ধারে গাছ লাগিয়ে নিজেদের ২৩তম বিবাহবার্ষকী পালন করলেন তাঁরা। পরে দোমোহনার একটি বৃদ্ধাশ্রমে গিয়ে সেখানে পুজোর কিছু সামগ্রী দান করেন এবং আবাসিকদের মিষ্টিমুখ করান।

এদিন কাঞ্চনবাবু তাঁর স্ত্রীকে নিয়ে নাগর, বিলাসপুর, বিভিন্ন মোড়ে, বাসস্টপ এবং দোকানের সামনে রাস্তার দু'পাশে মোট ১২৩টি গাছ লাগান। এলাকার সমাজকর্মীরাও এই উদ্যোগে শামিল হয়েছিলেন। কাঞ্চনবাবু বলেন, 'গত বছর লকডাউনের সময় রায়গঞ্জ পিডি'র এসপি সাহেবের নেতৃত্বে থানাগুলিকে মানুষের পাশে দাঁড়াতে দেখেছি। তাছাড়া আমাদের এলাকার বিধায়ক গৌতম পাল যেভাবে লকডাউনের সময় মানুষের পাশে দাঁড়িয়েছিলেন, তাও আমাদের ভীষণ উৎসাহিত করেছে।'

# প্রাক্তনীদের উদ্যোগ

**শিলিগুড়ি, ১৩ মে :** স্কুলের প্ল্যাটিনাম জুবিলিকে অন্যভাবে পালন করতে শিলিগুড়ি গার্লস হাইস্কুলের প্রাক্তনীরা করোনা সংক্রামিতদের পাশে দাঁড়াচ্ছেন। অ্যাম্বুল্যান্স জোগাড় করে দেওয়া থেকে সংক্রামিতদের বাড়িতে ওষুধ, খাবার পৌঁছে দেওয়ার ক্ষেত্রে এগিয়ে যাচ্ছেন তাঁরা।।

শিলিগুড়ি গার্লস স্কুলের ৭৫ বছর পূর্তি উৎসব নিয়ে ওঁদেরও অনেক ভাবনাচিন্তা ছিল। কিন্তু করোনা পরিস্থিতিতে বৃহস্পতিবার স্কুলের প্ল্যাটিনাম জুবিলিকে স্মরণীয় করে রাখতে তাঁরা ৭৫টি পরিবারের মুখে খাবার তুলে দিলেন। বেশ কিছুদিন ধরেই সংক্রামিত এবং তাঁদের পরিবারগুলির পাশে রয়েছেন তাঁরা। কখনও অক্সিজেন সিলেন্ডার পৌঁছে দেওয়া, কখনও আবার অ্যাম্বুল্যান্স জোগাড় করা, কঠিন সময়ে সমস্ত কাজই করছেন শাশ্বতী দাশগুপ্ত, দেবকী কুণ্ডু, প্রগতী কর সেনগুপ্ত, সংযুক্তা বসু, সুলগ্না ভট্টাচার্য সহ আরও কয়েকজন প্রাক্তনী।

স্কুলের প্রাক্তনী সুদেষ্ণা ভট্টাচার্য বলেন, 'কোভিড পরিস্থিতির উপর নজর দিয়েই আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। স্কুলের অনেক প্রাক্তনী আমাদের এই কাজে সাড়া দিয়েছেন। আগামীতেও আমরা এই কাজ করে যেতে চাই।'

# ছিনতাইবাজ গ্রেপ্তার

**নকশালবাড়ি, ১৩ মে :** এটিএম কার্ড ও টাকা সহ দুষ্কৃতীকে গ্রেপ্তার করল নকশালবাড়ি থানার পুলিশ। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে নকশালবাড়ি বাজার এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বুধবার নকশালবাড়ি বাজার থেকে এক মহিলার ব্যাগ ছিনতাই করে পালিয়ে যায় এক দুষ্কৃতী। এ নিয়ে থানায় অভিযোগ করেন ওই মহিলা। এদিন গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ ওই দুষ্কৃতীকে আটক করে থানায় নিয়ে আসে। জিজ্ঞাসাবাদের পর তাকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের নাম জীবন চৌধুরী। নকশালবাড়ি থানার ওসি ইফতিকার উল হাসান বলেন, 'ধৃতের কাছে একটি ব্যাগ, এটিএম ও ছয়শো টাকা উদ্ধার হয়েছে।'

## টিকার জন্য হাহাকার

**বাগডোগরা, ১৩ মে :** করোনা সংক্রমণ নিত্যদিন বাড়ছে। ফলে টিকা নিতে বর্তমানে অনেক বেশি তৎপরতা দেখা গিয়েছে। এদিকে জোগানে ঘাটতি থাকায় টিকা নিতে গিয়ে সমস্যায় পড়ছেন সাধারণ মানুষ। একদিকে প্রথম ডোজ নিতে হন্যে হতে হচ্ছে, তেমনই সমস্যা হচ্ছে টিকার দ্বিতীয় ডোজ নিতে গিয়েও। অনেকেই নির্দিষ্ট সময় পেরিয়ে গেলেও দ্বিতীয় ডোজ পাচ্ছেন না বলে অভিযোগ। এদিকে, টিকা নিতে গিয়ে মানা হচ্ছে না স্বাস্থ্যবিধি। লাইনে শারীরিক দূরত্ব না মেনেই ভিড় করছেন অনেকে। ফলে টিকা নেওয়ার লাইন থেকেই করোনা সংক্রমণের আশঙ্কা দেখা দিয়েছে।

বৃহস্পতিবারও বাগডোগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে টিকা নিতে দীর্ঘ লাইন দেখা গিয়েছে। স্বাস্থ্যকেন্দ্র সূত্রে খবর, এদিন মোট ২০০ জনকে টিকার দ্বিতীয় ডোজ দেওয়া হয়েছে। তবে চাহিদার তুলনায় এই সংখ্যা নগণ্য। এদিন ভোর ৪টে থেকে বহু মানুষ টিকা নিতে লাইন দেন। বাগডোগরা স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত স্বাস্থ্য আধিকারিক ডাঃ দীপক সাধু বলেন, 'যখন যে পরিমাণ টিকা আসছে, তখন সেভাবে দেওয়া হচ্ছে। শুক্রবার ইদের ছুটি, শনিবার ও রবিবার টিকা দেওয়া হয় না। তবে এখন সাব-সেন্টারগুলি থেকেও টিকা দেওয়া হবে।' নকশালবাড়ির বিডিও অরিন্দম মণ্ডলের কথায়, 'টিকার চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় সমস্যা হচ্ছে।' মাটিগাড়ার ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ সোহম সেনের বক্তব্য, 'বৃহস্পতিবার মাটিগাড়ায় ৭৫০টি টিকা এসেছে। মাটিগাড়া ব্লক স্বাস্থ্যকেন্দ্র থেকে ১০০ জনকে টিকা দেওয়া হয়েছে। বাকি টিকা বিভিন্ন সাব-সেন্টার থেকে দেওয়া হয়েছে।'

## পাগলা কুকুরের কামড়ে জখম ২০

**নাগরাকাটা, ১৩ মে :** পাগলা কুকুরের কামড়ে কমবেশি জখম হলেন ২০ জন। বুধবার রাত থেকে বৃহস্পতিবার পর্যন্ত লুকসানে দফায় দফায় কুকুরের আক্রমণ চলতে থাকে। বুধবার রাতে প্রথম কুকুরের আক্রমণে জখম হন লুকসান হাইরোডের এক ভবঘুরে। তাঁর কোনও চিকিৎসা হয়নি। বাসিন্দারা এখন ওই ব্যক্তিকে খুঁজে বেড়াচ্ছেন। বৃহস্পতিবার সকালে ওই হাইরোড এলাকারই একদল শিশুর ওপর কুকুরটি চড়াও হলে এলাকার বাসিন্দারা বাঁচাতে ছুটে যান। তখন অর্জুন ছেত্রী নামে এক স্থানীয় বাসিন্দা কুকুরের হামলার শিকার হন। তিনি ছাড়াও সমর্থন প্রধান, রিতা ওরাওঁ ও মহম্মদ মুজিবর জখম হন। এর মধ্যে প্রথম দুজন নাবালক। জখম অর্জুন ছেত্রী বলেন, 'একেই করোনার আতঙ্কে দিন কাটাচ্ছি। তার ওপর এমন উটকো ঝামেলা।' আহতরা এদিন সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে চিকিৎসা করে আসেন। তাঁদের অ্যান্টি র‍্যাবিজ ভ্যাকসিনও দেওয়া হয়। ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুপর্ণ হালদার বলেন, 'প্রয়োজনীয় সবরকম চিকিৎসাই জখমদের করা হয়েছে।'

## বিদ্যুৎস্পৃষ্ট ২

**চোপড়া, ১৩ মে :** চোপড়ার ডোক ব্রিজ এলাকায় বৃহস্পতিবার কর্মরত অবস্থায় দুজন বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর জখম হন। আশঙ্কাজনক অবস্থায় তাঁদের দলুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হয়েছে। চোপড়া থানা পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঠিকাদারের অধীনে অস্থায়ী দুই কর্মী লাইট লাগানোর সময় অসতর্কতাভাবে গুরুতর জখম হন। তাঁদের হাসপাতালে পাঠানো হয়েছে।

# মানাবাড়ি চা বাগানে ফের খাঁচাবন্দি চিতাবাঘ

**ওদলাবাড়ি, ১৩ মে :** মাত্র একদিনের ব্যবধানে আরও একটি চিতাবাঘ ধরা পড়ল মানাবাড়ি চা বাগানে। বৃহস্পতিবার ভোরে বন দপ্তরের খাঁচায় ধরা পড়ে চিতাবাঘটি। খাঁচাবন্দি হওয়ার পর থেকেই চিতাটির তর্জন-গর্জন শুরু হয়। ঘনঘন গর্জনে ঘুম ভাঙে সংলগ্ন ডিপোপাড়ার অনেকের। খাঁচাবন্দি চিতা দেখতে স্বাস্থ্যবিধি শিকেয় তুলে কাতারে কাতারে মানুষ ঘটনাস্থলে ভিড় জমান। খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে আসেন বাগানের ম্যানেজার রাজীব চক্রবর্তী। তিনি বলেন, 'গত মঙ্গলবার এই একই জায়গায় (২ নম্বর সেকশন) একটি সাব অ্যাডাল্ট মাদি চিতাবাঘ ধরা পড়েছিল। তখনই দাবি করেছিলাম, বাগানে আরও চিতাবাঘ ঘোরাফেরা করছে। আজ তা প্রমাণিত হল।' চিতাবাঘ ধরা পড়ার খবর পেয়ে মাল বন্যপ্রাণ শাখার বনকর্মীরা ঘটনাস্থলে এসে চিতাটিকে উদ্ধার করেন। রেঞ্জ অফিসার দীপেন সুব্বার কথায়, 'চিতাবাঘটি একটি প্রাপ্তবয়স্ক পুরুষ চিতাবাঘ। ধরা পড়ার পর খাঁচার ভিতর লাফালাফি করতে গিয়ে জখম হয়েছে। চিকিৎসার জন্য চিতাটিকে আপাতত গরুমারার নেচার ইন্টারপ্রিটেশন সেন্টার (এনআইসি)-এ নিয়ে যাওয়া হবে। তারপর সুস্থ হলে চিতাটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হবে।'

বৃহস্পতিবার এই চিতাবাঘটি ধরা পড়েছে। -সংবাদচিত্র

ম্যানেজার রাজীববাবুর আশঙ্কা, মানাবাড়ি চা বাগানের এই সেকশনটি চিতাবাঘের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে। তিনি জানান, প্রায় ৫ বছর বাগানে অচলাবস্থা জারি থাকায় বাগানের কয়েকটি সেকশন জঙ্গলের চেহারা নিয়েছিল। গতবছর ডিসেম্বরে নতুন মালিকের হাতে মানাবাড়ি চা বাগান পুনরায় চালু হয়। সেইসময় ঝোপজঙ্গল সাফাই করতে গিয়ে চিতাবাঘের অস্তিত্ব টের পায় বাগান শ্রমিকরা। এমনকি সন্ধ্যার পর শ্রমিক মহল্লাতেও চিতাবাঘ হানা দেওয়ার খবর রয়েছে। মাঝে মাঝে মহল্লায় ঢুকে চিতাবাঘ গোরু, ছাগল টেনে নিয়ে যেত। পাশাপাশি দু'-একজন শ্রমিক আক্রান্তও হয়েছেন চিতাবাঘের হানায়। ম্যানেজারের কথায়, 'বিষয়টি জানার পর শ্রমিকদের সচেতন করতে মাল বন্যপ্রাণ শাখার সহযোগিতায় গত ১৪ এপ্রিল শ্রমিক লাইনে একটি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। স্বস্তির খবর, শিবিরের পর আর কোনও শ্রমিক চিতাবাঘের আক্রমণে জখম হননি। পরিবর্তে বন দপ্তরের পাতা দুটি খাঁচায় গত তিনদিনে দুটি চিতাবাঘ ধরা পড়ল।' রাজীববাবুর দাবি, আরও বেশ কয়েকটি চিতাবাঘ রয়েছে বাগানে। তাই শ্রমিকদের আতঙ্ক দূর করতে আবারও বন দপ্তরের কাছে খাঁচা পাতার আবেদন জানিয়েছেন তিনি।

# সড়ক দুর্ঘটনায় গুরুতর জখম মালের বিডিও

**ওদলাবাড়ি, ১৩ মে :** শিলিগুড়ি থেকে কর্মস্থল মালবাজারে যাওয়ার পথে এলেনবাড়ি চা বাগানের কাছে ৩১ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনায় গুরুতর জখম হলেন মালের বিডিও শুভজিৎ দাশগুপ্ত। বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ অসম থেকে শিলিগুড়িগামী অন্য একটি ছোট গাড়ির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় মালের বিডিওর গাড়ির। সংঘর্ষে শুভজিৎবাবুর গাড়িটি রাস্তার ধারের খাদে পড়ে যায়। স্থানীয়রা এসে দুর্ঘটনাগ্রস্ত গাড়ি থেকে দ্রুত শুভজিৎবাবু এবং গাড়ির আরেক আরোহীকে উদ্ধার করে ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার জন্য নিয়ে আসেন।

এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে প্রশাসনিক মহলে ছোটাছুটি শুরু হয়ে যায়। মালের মহকুমা শাসক শান্তনু বালা তড়িঘড়ি ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতালে এসে চিকিৎসার কাজ তদারকি করেন। ঘটনাস্থলে গিয়েছেন মাল থানার আইসি সুজিত লামাও। জলপাইগুড়ির জেলা শাসক মৌমিতা গোদারা বসু ফোনে বিডিওর শারীরিক পরিস্থিতির খোঁজ নেন। রাজ্যের অনগ্রসর শ্রেণিকল্যাণ ও আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বুলু চিকবড়াইকও তাঁর খোঁজখবর নেন।

ওদলাবাড়ি গ্রামীণ হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, দুর্ঘটনায় শুভজিৎবাবুর নাকে, মুখে মারাত্মক চোট লেগেছে। প্রচুর রক্তপাত হয়েছে। তাঁর হাতের একটি আঙুলও ভেঙেছে বলে হাসপাতালের এক্সরে রিপোর্টে জানা গিয়েছে। প্রাথমিকভাবে তাঁর মুখে বেশ কয়েকটি সেলাই পড়েছে। সিটি স্ক্যানের জন্য তাঁকে শিলিগুড়ির কোনও বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হবে বলে জানা গিয়েছে।

এদিকে পুলিশ সূত্রে জানা গিয়েছে যে, দুর্ঘটনায় বিডিও শুভজিৎবাবুর সফরসঙ্গী একই অফিসের অধস্তন কর্মচারীর তেমন কোনও চোট লাগেনি। প্রাথমিক চিকিৎসার পর তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে।

অসম থেকে শিলিগুড়িগামী অন্য গাড়িটিতে শিশু, কিশোর সহ একই পরিবারের আটজন ছিলেন। তাঁরাও সবাই সুস্থ আছেন। মাল থানার পুলিশ আপাতত গাড়ি দুটোকে নিজেদের হেপাজতে নিয়েছে।

# শিলিগুড়িতে ওয়েবিনার

**শিলিগুড়ি, ১৩ মে :** ভার্চুয়াল পড়াশোনা ঘরবন্দি করে ফেলেছে পড়ুয়াদের। যার ফলে অনেকের মধ্যেই বিভিন্নরকমের অস্বাভাবিক আচরণ চোখে পড়ছে অভিভাবকদের। এই কঠিন পরিস্থিতিতে পড়ুয়াদের মানসিক অবস্থার উপর কোভিড-১৯'এর কতটা প্রভাব পড়েছে, তা নিয়ে বৃহস্পতিবার উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্রের তরফে একটি ওয়েবিনারের আয়োজন করা হয়। সেখানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের মনোরোগ বিভাগের প্রধান ডাঃ নির্মল বেরা। ঘরবন্দি অবস্থায় পড়ুয়াদের কী করতে হবে, কী করা যাবে না, তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন তিনি।

ডাঃ বেরা বলেন, 'এই কঠিন পরিস্থিতিতে অভিভাবকদের উচিত বাড়িতে সুস্থ পরিবেশ বজায় রাখা। সন্তানদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ ব্যবহার করা। এছাড়াও কোভিড সম্পর্কে নেগেটিভ আলোচনা না করা উচিত। এছাড়াও বেশিক্ষণ মোবাইল ও কম্পিউটারে সময় না কাটানো দরকার।' উত্তরবঙ্গ বিজ্ঞানকেন্দ্রের প্রোজেক্ট কোঅর্ডিনেটর ঋতব্রত বিশ্বাস বলেন, 'অনেকদিন ধরেই অভিভাবকদের কাছ থেকে এই বিষয়ের উপর বিশেষজ্ঞের মতামতের অনুরোধ করা হয়েছিল। অনেকেই নিজেদের সমস্যা নিয়ে প্রশ্ন করেছেন।'

## জখম ১

**নাগরাকাটা, ১৩ মে :** বুধবার রাতে নাগরাকাটার সুখানি বস্তিতে হাতির হামলায় গুরুতর জখম হলেন এক মহিলা। বন দপ্তর সূত্রে খবর, বুধবার রাতে কুমারী প্রধান ও তাঁর স্বামী প্রকাশ প্রধান আত্মীয়ের বাড়ি যাওয়ার সময় একটি হাতির মুখে পড়ে যান তাঁরা। সেসময় প্রকাশবাবু পালিয়ে গেলেও তাঁর স্ত্রী পালাতে পারেননি। হাতিটি তাঁকে শুঁড় দিয়ে তুলে আছাড় মারে। জখম অবস্থায় কুমারীকে প্রথমে সুলকাপাড়া গ্রামীণ হাসপাতাল ও পরে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খুনিয়ার রেঞ্জার রাজকুমার লায়েক বলেন, 'বন দপ্তরের পক্ষ থেকে ওই মহিলার চিকিৎসার খরচ বহন করা হচ্ছে।'